



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

'Marine and River Tourism Opportunities' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১০ ডিসেম্বর ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের আয়োজনে অনুষ্ঠিত হয়েছে 'Marine and River Tourism Opportunities' শীর্ষক সেমিনার। ১০ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে সেমিনারটি অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, পর্যটনে অপার সম্ভাবনাময় দেশ বাংলাদেশ। এটিকে কাজে লাগিয়ে বাংলাদেশের পর্যটন শিল্পকে সমৃদ্ধ করতে হবে। এরজন্য প্রয়োজন সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতার মাধ্যমেই পর্যটনের এ সম্ভাবনা বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির অন্যতম চালিকা শক্তিতে পরিণত হবে। সেমিনারে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) আবু তাহের মুহাম্মদ জাবের। এসময় প্রধান বক্তা বলেন, পর্যটন হচ্ছে একটি অর্থনৈতিক কর্মকাণ্ড। একটি দেশের অর্থনীতির অন্যতম উৎস হচ্ছে পর্যটন। পৃথিবীর অনেক দেশ তাদের পর্যটনকে সামনে রেখে উন্নত রাষ্ট্রে পরিণত হয়েছে। বাংলাদেশের এ শিল্পকে আমাদের বিশ্ব দরবারে সঠিকভাবে তুলে ধরতে হবে। বাংলাদেশে পর্যটন শিল্পের পরিকল্পনা মাফিক বিকাশ ঘটাতে পারলে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশের মোট জিডিপি ১০% অর্জিত হবে পর্যটন শিল্পের মাধ্যমে। ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন ড. আব্দুল্লাহ আল মাসুদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্যুরিস্ট পুলিশ কুয়াকাটা রিজিয়নের পুলিশ সুপার মোহাম্মদ আবুল কালাম আজাদ। বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন মার্কেটিং বিভাগের চেয়ারম্যান বন্ধিম চন্দ্র সরকার, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান নুসরাত শারমিন লিপি, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের চেয়ারম্যান মুহাম্মদ রাকিবুল ইসলাম এবং ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান শাহাদাত হোসেন। সেমিনারে গবেষণাপত্র উপস্থাপন করেন প্যাসিফিক এশিয়া ট্রাভেল অ্যাসোসিয়েশন (পাটা) বাংলাদেশ চ্যাপ্টারের মহাসচিব তৌফিক রহমান। মার্কেটিং বিভাগের প্রভাষক সায়মা আক্তারের সঞ্চালনায় সেমিনারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ আমন্ত্রিত অতিথিবৃন্দরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়